



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



## স্মারক ও তারিখ ঠিক রেখে সংশোধিত

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ -২৯/৩৩০৭/১১

তারিখঃ ১৯.০৮.২০১৯খ্রিঃ

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসার এডহক কমিটির সভাপতি হিসেবে মনোনীত জনাব মো: মোয়াজ্জেম হোসেন মজনু এর বিরুদ্ধে দুর্নীতি, আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত, মাদ্রাসার টাকা আত্মসাৎ, ভারপ্রাপ্ত সুপার নিয়োগে অনিয়ম উল্লেখ করে জনাব মো: বাহারুল ইসলাম ফকির অভিযোগ দাখিল করেন। অপরদিকে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন খালেকিয়া দারুচ্ছুনাহ দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মো: নাসির উদ্দিন অভিভাবক সদস্য অভিযোগ পত্র দাখিল করেছেন। উক্ত অভিযোগে উল্লেখ করা হয়-মাদ্রাসার সুপার কোন প্রকার প্রচার-প্রচারণা ছাড়াই গোপনে প্রিজাইডিং অফিসারের সাথে যোগাযোগ করে বোর্ড থেকে কমিটি অনুমোদনের পায়তারা করেন। দাখিলকৃত অভিযোগের গুরুত্ব বিবেচনায় জরুরী ভিত্তিতে সরেজমিনে তদন্তের জন্য অত্র বোর্ডের জনাব মো: হোসেন, উপ-পরিদর্শক-কে দায়িত্ব প্রদান করা হলো।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৪১/

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক,  
জনাব মো: হোসেন  
উপ-পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ -২৯/৩৩০৭/১১

তারিখঃ ১৯.০৮.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৫. সভাপতি, কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ।
৬. সুপার, কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ।
৭. জনাব মো: বাহারুল ইসলাম ফকির (অভিযোগকারী), ডাকঘর: কাতলামারী, উপজেলা: ভালুকা, জেলা: ময়মনসিংহ।
৮. সুপার, খালেকিয়া দারুচ্ছুনাহ দাখিল মাদ্রাসা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৯. জনাব মো: নাসির উদ্দিন, (অভিযোগকারী), গ্রাম: মির্জাপুর, পো: তারুন্দিয়া, উপজেলা: ঈশ্বরগঞ্জ, জেলা: ময়মনসিংহ।
১০. হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

২৭-০৮-১৯